



## জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং-০৬(১০১)/জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৭-২০১৮/২০৩১

তারিখ: ৩০/০৯/২০১৮

### ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির কোর্সভিত্তিক অনলাইন রেজিস্ট্রেশন কার্ড ইস্যু সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করার লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে নিম্নোক্ত করণীয় ও সময়সূচি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক	করণীয়	তারিখ
১।	অনলাইনে রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করে প্রিন্ট নেয়ার তারিখ: ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করতে সংশ্লিষ্ট কলেজসমূহকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট ( <a href="http://www.nu.ac.bd/admissions/regicard">www.nu.ac.bd/admissions/regicard</a> ) লিঙ্কে যেতে হবে। পরবর্তীতে <b>College Login</b> অপশনে গিয়ে (ক্রমিক-২ এর নির্দেশনা অনুযায়ী প্রাপ্ত) <b>User ID</b> ও <b>Password</b> ব্যবহার করে রেজিস্ট্রেশন কার্ড <b>Download</b> করে প্রিন্ট নিতে হবে। কলেজ কর্তৃপক্ষকে রেজিস্ট্রেশন কার্ডের প্রিন্ট কপিতে প্রদর্শিত সকল তথ্য ও ছবি মিলিয়ে দেখতে হবে। সকল তথ্য সঠিক থাকলে রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থী এবং কলেজ অধ্যক্ষ নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করবেন। এছাড়াও শিক্ষার্থীর ছবির উপর সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ স্বাক্ষর ও সিল প্রদান করবেন।	৩০/০৯/২০১৮ থেকে ৩১/১০/২০১৮
২।	পাসওয়ার্ড সংক্রান্ত নির্দেশাবলী: যে সকল কলেজ রেজিস্ট্রেশন কার্ড <b>Download</b> করার জন্য <b>Password</b> সংগ্রহ করে নাই তাদেরকে কলেজ কোড, কলেজের নাম, ঠিকানা, ফোন/মোবাইল নম্বর ও সঠিক ই-মেইল ঠিকানাসহ ডিন দপ্তরের অফিসিয়াল ই-মেইল <a href="mailto:deanug@nubd.info">deanug@nubd.info</a> বরাবর আবেদন করতে হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট কলেজের ই-মেইলে <b>User ID, Password</b> প্রেরণ করা হবে।	
<b>দৃষ্টি আকর্ষণ</b>		
২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত কোর্সে ভর্তি হয়ে রেজিস্ট্রেশন কার্ড পেয়েছে, সে সকল শিক্ষার্থীদের ভর্তি নীতিমালা অনুযায়ী ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) শ্রেণির রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করার সুযোগ নেই। এ ক্ষেত্রে যাদের দ্বৈত ভর্তি রয়েছে তাদের দুটি ভর্তিই ভর্তি নীতিমালা অনুযায়ী বাতিল হয়ে যাবে। তবে এসকল শিক্ষার্থীদের শিক্ষা জীবনের স্বার্থ বিবেচনায় এনে শুধুমাত্র যারা অজ্ঞতাবশত দ্বৈত ভর্তি হয়েছে তারা যদি নির্দিষ্ট সময়ের মধ্যে পূর্বের ভর্তি বাতিল করে তবে তাদের পূর্বের ভর্তি বাতিলপূর্বক ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।		

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)

ডিন (ভারপ্রাপ্ত),

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ৯২৯১০৬৮, ৯২৯২০৮৪

ই-মেইল- [deanug@nubd.info](mailto:deanug@nubd.info)

স্মারক নং-০৬(১০১)/জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৭-২০১৮/২০৩১

তারিখ: ৩০/০৯/২০১৮

অবগতির জন্য অনুলিপি দেয়া হলোঃ

- ১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ২। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। অফিস কপি।

(মো: কামরুল ইসলাম)

উপ-রেজিস্ট্রার

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪